

কুইন্স বরো প্রেসিডেন্ট

মেলিন্ডা কাটজ (Melinda Katz) (D)

হাই, আমি মেলিন্ডা কাটজ এবং কুইন্স বরো প্রেসিডেন্ট পদের জন্যে আমি একজন ডেমোক্রেটিক প্রার্থী।

আমার পরিবারের গভীর শেকড় আছে কুইন্স-এ। আমার পিতা, David, কুইন্স সিস্ফনী অরকেষ্ট্রা প্রতিষ্ঠাতা এবং পরিচালনা করতেন এবং আমার মাতা, Jeanne, কুইন্স কাউন্সিল ফর দা আর্টস প্রতিষ্ঠা করেছিলেন। আমার প্রায় পুরো জীবন আমি এখানে কুইন্স-এ থেকেছি, এবং আমি কুইন্স-এর সরকারী স্কুলগুলির একজন গর্বিত গ্র্যাডুয়েট। আমার দুই ছেলে হান্টার এবং কার্টার ফরেস্ট হিলস-এর সেই বাড়িতে বড় করছি যেখানে আমি নিজে বড় হয়েছি।

আমি কুইন্স বরো প্রেসিডেন্ট পদের জন্যে দাঁড়াচ্ছি কারণ কুইন্স-এর জন্যে আমার একটি প্রত্যাশা আছে যেটি আমাদের অতি সুন্দর বরোর ভিন্নতাকে উদযাপিত করে এবং সেটিকে পরিবার প্রতিপালনের জন্যে একটি সুন্দর জায়গায় পরিণত করে। যেহেতু আমি কুইন্স-এ বিশ্বাস করি, আমি আমার জীবনকে জনসাধারণের সেবায় উৎসর্গ করেছি।

আমার এলাকাতে আমি আট বছর সিটি কাউন্সিল-এর সদস্য হিসেবে কাজ করেছি। সেই সময়ে, আমি ল্যান্ড ইউজ কমিটি-র সভাপতি ছিলাম যেখানে আমি বেসরকারী ক্ষেত্রের অংশীদারীত্ব নিশ্চিত করেছিলাম যেটি সূচনা করেছিল ১৫,০০০-টি সামর্থের মধ্যে বাসস্থানের। আমি সিটি জুড়ে পুনর্বিভুক্তি ব্যবস্থাপনা অনুমোদনের জন্যেও দায়ী ছিলাম, যেটি হাজার হাজার চাকরীর সূচনা করেছিল আর একইসাথে আমাদের এলাকাগুলিকে অতিরিক্ত উন্নতির হাত থেকে সুরক্ষিত রেখেছিল।

কাউন্সিলটির আগে, বরো প্রেসিডেন্ট Claire Shulman-এর কমিউনিটি বোর্ডস-এর পরিচালক হিসেবে আমি নিযুক্ত ছিলাম এবং জীবনের বিভিন্ন ক্ষেত্রে এলাকার মানুষের মতামত পেয়ে। আমার কর্মজীবনের প্রথম দিকে আমি স্টেট এসেম্বলি-র সদস্য হয়ে কাজ করেছি।

আর্বান হেলথ -এর উপ কমিটির চেয়ার হিসেবে, আমি লিখেছি এবং পাশ করিয়েছি একটি আইন যেটির কারণে HMOগুলি মহিলাদের গুরুতর স্ত্রীরোগের পরিষেবার সুযোগ সরাসরি দিতে বাধ্য হবে। আমি লড়েছি এবং মেয়র Giuliani-কে হারিয়ে সরকারী হাসপাতালগুলিকে বেসরকারী হয়ে যাওয়া থেকে থামিয়েছি, এবং আমি ঐতিহাসিক কেন্দ্রলস ল'-টির পৃষ্ঠপোষক হয়েছি এবং পাশ করিয়েছি যেটি লম্বা-সময়ের, বারংবার হওয়া শিশু নির্মাতনের মামলাগুলিকে চালিয়ে যেতে আইনজীবীদের সাহায্য করে।

বরো প্রেসিডেন্ট হিসেবে, কুইন্স-এ আমি প্রধান সমস্যাগুলি মোকাবিলা করতে প্রস্তুত। কর্মসংস্থান সৃষ্টি এবং আর্থিক উন্নতির জন্যে প্রেরণা যোগাবো, যার মধ্যে মুক্ত থাকবে ওয়েস্টার্ন কুইন্স-এ একটি প্রযুক্তির কেন্দ্রস্থল তৈরি করার লড়াই করে যাব। আমি স্কুলগুলোর সহ-অবস্থানের বিরুদ্ধে এবং একটি মুদ্রাশিল্প বানানো বন্ধ করার জন্যে সংগ্রাম করবো, যাতে আমাদের সন্তানরা সবথেকে ভাল শিক্ষার সুযোগ পাওয়া নিশ্চিত করে। রকওয়ে এবং সাউথইস্ট কুইন্স-কে পূর্ণনির্মাণ এবং পরিবহণ ব্যবস্থার আরও উন্নয়নের জন্যে আমরা একসাথে কাজ করবো এবং সামর্থের মধ্যে বাসস্থান এবং আমাদের সবার জীবনের মান উন্নত করার জন্যে আমি কাজ চালিয়ে যাব।

নির্বাচনের দিনে আপনাদের সমর্থনের ওপর ভরসা রাখতে পারবো বলে আমি আশা করবো।

*প্রার্থী কর্তৃক প্রদেয় তথ্য অনুবাদ করে মুদ্রিত। ক্যাম্পেইন ফাইন্যান্স প্রোগ্রাম অংশগ্রহণ করছেন।*

